The Bangladesh Monitor - A Premier Travel Publication

# ফের ২ বছরের আইওএসএ সনদ পেলো এয়ার অ্যাস্ট্রা

- A Monitor Desk Report　　　　Date: 13 November, 2025




**ঢাকাঃ দেশের সর্ব কনিষ্ঠ এয়ারলাইন এয়ার অ্যাস্ট্রা আরও দুই বছরের জন্য আইএটিএ অপারেশনাল সেফটি অডিট-আইওএসএ সনদ পেয়েছে।**

বুধবার এয়ারলাইনটির পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৭ সালের ২৪ অগাস্ট পর্যন্ত দেশি এয়ারলাইনটি রেজিস্ট্রার্ড এয়ারলাইন হিসেবে স্বীকৃতি পেয়েছে।

ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আইএটিএ) কর্তৃক প্রণোদিত আইএটিএ অপারেশনাল সেফটি অডিট (আইওএসএ) একটি বিশ্বমানের মানদণ্ড নিরূপণ অডিট, যা এয়ারলাইন্সের নিরাপদ পরিচালনা নিশ্চিত করে।

এক বছর পর ২০২৫ সালের জুন মাসে এয়ারলাইনটি পুনরায় আইএটিএ অপারেশনাল সেফটি অডিট (আইওএসএ) সম্পূর্ণ করে ২৪ আগস্ট ২০২৭ সাল পর্যন্ত আইওএসএ রেজিস্ট্রার্ড এয়ারলাইন হিসেবে স্বীকৃতি পেয়েছে।

এয়ার এ্যাস্ট্রা'র সিইও ইমরান আসিফ এ বিষয়ে বলেন, 'এয়ার এ্যাস্ট্রা'র ফ্লাইট অপারেশন শুরু হওয়ার আগে থেকেই আমরা যাত্রীদের একটি নিরাপদ এবং সুরক্ষিত ফ্লাইট অভিজ্ঞতা উপহার দেওয়ার লক্ষ্যে আইএটিএ অপারেশনাল সেফটি অডিট (আইওএসএ)-এর পরিকল্পনা শুরু করি। যার অংশ হিসেবে ২০২৪ সালে আইওএসস সনদ প্রাপ্তি এবং তারই ধারাবাহিকতায় এ বছর আমরা পুনরায় এই অডিটটি সম্পন্ন করি। এয়ার এ্যাস্ট্রা যাত্রীদের নিরাপদ এবং নিশ্চিন্তে ভ্রমণ করার জন্য সবসময় প্রতিশ্রুতিবদ্ধ।'

ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আইএটিএ) এর কঠোর মানদণ্ড অনুযায়ী তাদের নিরিক্ষকের মাধ্যমে চলতি বছরের জুন মাসে এয়ার এ্যাস্ট্রার অডিটটি সম্পন্ন হয়। গত এক দশকে, আইওএসএ (আইওএসএ) নিরাপত্তা নিশ্চিত করার জন্য এয়ারলাইন্সের অপারেশনাল ম্যানেজমেন্ট এবং কন্ট্রোল সিস্টেমের মূল্যায়ন করার জন্য সবচেয়ে স্বীকৃত সিস্টেমে পরিণত হয়েছে।

এয়ার এ্যাস্ট্রা বর্তমানে ঢাকা-কক্সবাজার-ঢাকা, ঢাকা-চট্টগ্রাম-ঢাকা, ঢাকা-সিলেট-ঢাকা এবং ঢাকা-সৈয়দপুর-ঢাকা রুটে প্রতিদিন ১৪টি ফ্লাইট

পরিচালনা করছে। এয়ার এ্যাস্ট্রার বহরে বর্তমানে চারটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির নিরাপদ টার্বোপ্রপ এয়ারক্রাফট।

-B